রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ৭, ২০২৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৩ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৬ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ২৩ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৬ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

**বা. জা. স. বিল নং-১২/২০২৬**

**সুপ্রীম কোর্ট সচিবালয় অধ্যাদেশ, ২০২৫ ও সুপ্রীম কোর্ট সচিবালয় (সংশোধন) অধ্যাদেশ, ২০২৬ রহিতকরণকল্পে আনীত**

**বিল**

যেহেতু সুপ্রীম কোর্ট সচিবালয় প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা বিষয়ে সংশ্লিষ্টদের সহিত অধিকতর পরামর্শ ও যাচাই-বাছাই করা প্রয়োজন; এবং

যেহেতু সুপ্রীম কোর্ট সচিবালয় অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ৭২ নং অধ্যাদেশ) ও সুপ্রীম কোর্ট সচিবালয় (সংশোধন) অধ্যাদেশ, ২০২৬ (২০২৬ সনের ১৭ নং অধ্যাদেশ) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইলো:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**— (১) এই আইন সুপ্রীম কোর্ট সচিবালয় (রহিতকরণ) আইন, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।



**মূল্য :** টাকা ৪.০০

২। **রহিতকরণ ও হেফাজত।**—(১) সুপ্রীম কোর্ট সচিবালয় অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ৭২ নং অধ্যাদেশ) ও সুপ্রীম কোর্ট সচিবালয় (সংশোধন) অধ্যাদেশ, ২০২৬ (২০২৬ সনের ১৭ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশসমূহ বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইলো।

(২) উক্ত অধ্যাদেশসমূহ রহিত হইবার সঙ্গে সঙ্গে—

(ক) উহার অধীন প্রতিষ্ঠিত সুপ্রীম কোর্ট সচিবালয় বিলুপ্ত হইবে;

(খ) সুপ্রীম কোর্ট সচিবালয়ে ন্যস্ত বাজেট, গৃহীত প্রকল্প ও কর্মসূচি সরকারের আইন ও বিচার বিভাগের নিকট হস্তান্তরিত ও ন্যস্ত হইবে; এবং

(গ) সুপ্রীম কোর্ট সচিবালয়ের জন্য সৃজিত পদসমূহ বিলুপ্ত হইবে।

(৩) উক্ত অধ্যাদেশসমূহ রহিতকরণ সত্ত্বেও, সুপ্রীম কোর্ট, রেজিস্ট্রি, প্রশাসনিক ট্রাইবুনাল ও অধস্তন আদালত ও অন্যান্য দপ্তরের জন্য সৃজিত পদসমূহ, সাংগঠনিক কাঠামো, যানবাহন ও অফিস সরঞ্জামাদি বিদ্যমান থাকিবে এবং প্রযোজ্য ক্ষেত্রে আইন ও বিচার বিভাগে ন্যস্ত হইবে এবং যে সকল ব্যয়ভার সুপ্রীম কোর্ট সচিবালয়ের উপর ন্যস্ত ছিলো, তাহা আইন ও বিচার বিভাগ কর্তৃক বহন করা হইবে।

(৪) সুপ্রীম কোর্ট সচিবালয়ে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের চাকরি উক্ত অধ্যাদেশসমূহ প্রণীত হইবার পূর্বে যে আইন দ্বারা পরিচালিত হইত, উক্ত অধ্যাদেশসমূহ রহিতকরণের পর তাহাদের চাকরি সেই আইনের অধীনে ন্যস্ত ও পরিচালিত হইবে।

# উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

বিচার বিভাগের স্বাধীনতা কার্যকরভাবে বাস্তবায়নের জন্য একটি স্বতন্ত্র সচিবালয় প্রতিষ্ঠার উদ্দেশ্যে 'সুপ্রীম কোর্ট সচিবালয় অধ্যাদেশ, ২০২৫' এবং 'সুপ্রীম কোর্ট সচিবালয় (সংশোধন) অধ্যাদেশ, ২০২৬'-এর খসড়া প্রণয়ন ও জারি করা হয়েছিল। উক্ত অধ্যাদেশের অধীনে ইতোমধ্যে সুপ্রীম কোর্ট সচিবালয় প্রতিষ্ঠা করা হয়েছে এবং তাতে পদায়ন করা হয়েছে। সচিবালয় তার বাজেট, পরিকল্পনা, পদসৃজন, সাংগঠনিক কাঠামো, যন্ত্রপাতি ও সরঞ্জামাদি নির্ধারণসহ বিভিন্ন কার্যক্রম ইতোমধ্যে পরিচালনা করেছে। অধ্যাদেশসমূহের বিধানাবলি অধিকতর যাচাই-বাছাইয়ের লক্ষ্যে উক্ত অধ্যাদেশটি বাতিলপূর্বক এর অধীনে গৃহীত কার্যাবলিকে আইনি সুরক্ষা বা হেফাজত প্রদান করা আবশ্যক।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, প্রস্তাবিত বিলে 'সুপ্রীম কোর্ট সচিবালয় অধ্যাদেশ, ২০২৫' এবং 'সুপ্রীম কোর্ট সচিবালয় (সংশোধন) অধ্যাদেশ, ২০২৬' রহিত করার প্রস্তাব করা হয়েছে। একইসাথে, বাজেট, পরিকল্পনা, পদসৃজনসহ কার্যক্রমসমূহের ধারাবাহিকতা ও আইনি জটিলতা এড়াতে সচিবালয়টিকে বিলুপ্ত করে হলেও রহিতকৃত উক্ত অধ্যাদেশসমূহের অধীনে এযাবৎকালে কৃত সকল কাজকর্ম, গৃহীত ব্যবস্থা এবং চলমান কার্যধারাকে এমনভাবে কার্যকর রাখার বিধান রাখা হয়েছে, যেন উক্ত অধ্যাদেশটি রহিত হয়নি। মূলত পূর্ববর্তী অধ্যাদেশসমূহের অধীনে প্রতিষ্ঠিত সচিবালয়ের মাধ্যমে সম্পন্ন প্রশাসনিক কার্যাবলির বৈধতা সংরক্ষণ নিশ্চিতকল্পে সুপ্রীম কোর্ট সচিবালয় (রহিতকরণ) আইন, ২০২৬ প্রণয়ন করা আবশ্যক।

**মোঃ আসাদুজ্জামান**
**ভারপ্রাপ্ত মন্ত্রী।**

---

**ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূঁইয়া**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd